

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 01 May, 2025

ঠাকুরগাঁওয়ের রাণীশংকৈল উপজেলায় যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়েছে মহান আন্তর্জাতিক শ্রমিক দিবস। দিবসটি উপলক্ষে বুধবার (১ মে) সকালে একটি বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সকাল ১০টায় রাণীশংকৈল ডিগ্রি কলেজ চত্বর থেকে শুরু হওয়া র্যালিতে উপজেলার ২২টি শ্রমিক সংগঠনের নেতাকর্মীরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। র্যালিটি পৌর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে ডিগ্রি কলেজ মাঠে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাফিউল মাজলুবিন রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আতাউর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঠাকুরগাঁও জেলা ওয়ার্কার্স পার্টির সভাপতি ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক ইয়াসিন আলী, জামায়াতে ইসলামীর নায়েবে আমির মিজানুর রহমান মাস্টার, সেক্রেটারি মাওলানা রজব আলী, পৌর বিএনপির সভাপতি অধ্যাপক শাহাজাহান আলী, সাধারণ সম্পাদক ও উপজেলা শ্রমিক ঐক্য পরিষদের আহ্বায়ক মহসিন আলী, বাংলাদেশ গণ অধিকার পরিষদের কেন্দ্রীয় নেতা মামুনুর রশিদ মামুন, প্রেসক্লাব (পুরাতন) এর সভাপতি সফিকুল ইসলাম শিল্পী এবং সাবেক সভাপতি মোবারক আলী।

সভায় বক্তারা শ্রমিকদের ন্যায্য অধিকার, ন্যূনতম মজুরি, নিরাপদ কর্মপরিবেশ এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। তারা শ্রমিকদের ঐক্যবদ্ধ হয়ে নিজেদের

অধিকার আদায়ে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

আলোচনা সভা শেষে অংশগ্রহণকারী শ্রমিকদের মাঝে খিচুড়ি বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শ্রমিক নেতা হযরত আলী।

ঠাকুরগাঁও

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 02:05

URL: <https://timestodaybd.com/public/across-the-country/3740201716>